দৈনিক ইত্তেফাক

তারিখ 29 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ১

152

## সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস

# ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ঐক্য

● রেজানুর রহমান ●

ক্যাম্পাস পরিস্থিতির উন্নতি হয় নাই। তবে ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বিবাদমান দুইটি ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল এবং ছাত্রলীগ (আ-অ) ঐক্যমতে পৌছিয়াছে। গত কয়েক দিনে ভিসি

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

প্রফেসর মনিরুজ্জামান মিয়া ছাত্রদল ও ছাত্রলীগের সহিত পৃথকভাবে কয়েকদফা বৈঠকের পর সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে উভয় সংগঠন ঐক্যমতে পৌছায়।

একটি সূত্র জানায়, যেসব বিষয়ে ঐক্যমত হইয়াছে তাহা নিম্নরূপ: (১) ক্যাম্পাসে ছাত্র রাজনীতি ও রাজনৈতিক প্রক্রিয়া চলিবে। অস্ত্র বা সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে কোন সংগঠন তাহাদের প্রভাব বলয় বিস্তারের চেষ্টা করিবে না। (২) কোন সংগঠন তাহাদের মন্তব্য, বা শ্লোগানে অন্য কোন সংগঠন বা দলের কোন নেতা-নেত্রীর নামে অশালীন ভাষা উক্তি ব্যবহার করিবে না। (৩) কোন ঘটনার পাল্টা প্রতিক্রিয়া ব্যক্ত না করিয়া প্রথমে প্রক্টরকে জানাইতে হইবে। প্রক্টর তাৎক্ষণিকভাবে বিবদমান ছাত্র সংগঠনগুলির নেতৃবৃন্দের সহিত আলাপ করিয়া সন্ত্রাস যাহাতে বিস্তার করিতে না পারে উহার চেষ্টা করিবেন। (৪) সন্ত্রাসী কার্যকলাপের জন্য প্রশাসনিকভাবে ডিসিপ্লিন বোর্ডের মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন। শাস্তিমূলক ব্যবস্থার বিরুদ্ধে কোন ছাত্র সংগঠন কোন প্রতিবাদ করিবে না। তবে প্রয়োজন বোধে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবে। (৫) হলের সিট মেধার ভিত্তিতে বন্টন করিতে হইবে। প্রকৃত ছাত্র ও তাহাদের অনুমোদিত অতিথি (পি,জি) ছাড়া কেহ হলে থাকিতে পারিবে না। হল প্রশাসন প্রতিদিন হল পর্যায়ের নেতাদের নিয়া পরিস্থিতি পর্যালোচনা করিবেন। একই সাথে বিভিন্ন হল হইতে যে সকল ছাত্র বিতাড়িত হইয়াছে তাহাদের পুনর্বাসনের ব্যবস্থা করিবেন। (৬) অস্ত্রধারীদের গ্রেফতারের ক্ষেত্রে আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনী তাহাদের দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করিবে। হলের অভ্যন্তরে কোন সন্ত্রাসীকে গ্রেফতারের প্রয়োজন হইলে আইন-শৃঙ্খলারক্ষাকারী বাহিনী হল প্রভোষ্ট অথবা একজন হাউস টিউটরকে সঙ্গে নিয়া হলে প্রবেশ করিবে। প্রশাসনিক কর্মকাণ্ডে কাহাকেও বাধা প্রদান করা হইবে না।

জানা যায়, ২৬শে সেপ্টেম্বর অনুষ্ঠিত শিক্ষা পরিবেশ পরিষদের সভায় উপরোক্ত বিষয়গুলি উত্থাপন করা হয়। সকল ছাত্র সংগঠন এব্যাপারে ঐক্যমত পোষণ করেন। একজনকর্মকর্তা জানান, আন্তরিকভাবে ছাত্রদল ছাত্রলীগ ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ বজায় রাখার অঙ্গীকার ব্যক্ত করিয়াছে। উভয় সংগঠন আন্তরিক থাকিলে আশা করা যায় ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ ফিরিয়া আসিবে।